

## যে সব প্রকল্প নেওয়া যাবে

প্রথমেই উল্লেখ করা হয়েছে, সমষ্টিগুলি যাতে জীবনযাত্রার জন্য পরিবেশের মান উন্নয়নের কাজে লাগতে পারেন ও সাহায্য করতে পারেন সেই বিষয়ে দক্ষতা গড়ে তোলাই এই তহবিলের প্রাথমিক উদ্দেশ্য। তবে দক্ষতাবৃদ্ধির পাশাপাশি স্থানীয় পরিকাঠামো তৈরী হবে বা তার উন্নতি ঘটবে। সমষ্টি তহবিল বা **CPF** থেকে আর্থিক সহায়তা পেতে পারে, এই ধরনের প্রকল্পগুলির কয়েকটি মূলনীতি উল্লেখ করা হল : -

- (ক) প্রকল্পের ফলে সমষ্টিগতভাবে দক্ষতা বৃদ্ধি হবে যাতে পরবর্তীকালে আরও কার্যকরী অংশগ্রহণ ও দায়িত্বগ্রহণ সম্ভব হবে।
- (খ) প্রকল্পে নেওয়া কাজগুলি কীভাবে রূপায়ণ, রক্ষণাবেক্ষণ ও স্থায়ী করা যাবে, সে সম্বন্ধে স্বচ্ছ পরিকল্পনা থাকবে।
- (গ) প্রকল্প তৈরীর সময় নীচের বিষয়গুলি সুনিশ্চিত করতে হবে
  - সমষ্টির মধ্যে আলোচনা,
  - প্রকল্প যাতে সহজেই সকলে বুঝতে পারে
  - প্রকল্পে যা করা হবে তার সুযোগ সকলে নিতে পারে
  - শহর উন্নয়ন পরিকল্পনার সঙ্গে যুক্ত থাকবে বোধগম্যতা বা বিভিন্ন তথ্য বা সুযোগ এর সদ্ব্যবহার এবং CPF - র রূপরেখা।
- (ঘ) ধর্মীয় লক্ষ্য নিয়ে কোন প্রকল্প নেওয়া যাবে না।
- (ঙ) JNNURM র জন্য যে চুক্তিপত্র (MoA) আছে তাতে স্বাক্ষর করেছে এমন পৌরসংস্থার প্রকল্পই কেবল নেওয়া যাবে।
- (চ) প্রকল্পের সর্বাধিক ব্যয়মূল্য দশলক্ষ টাকা হতে পারে।
- (ছ) প্রকল্প ব্যয়ের কমপক্ষে ১০ শতাংশ বহন করবে সমষ্টি, প্রকল্পটি শহরের দরিদ্রদের জন্য হলে ৫ শতাংশ পর্যন্ত হ্রাস করা যেতে পারে।
- (জ) প্রকল্পটি রূপায়ণের সময়সীমা ১২ মাসের বেশী হবে না।